



## ফরিদপুর পৌরসভা

১৮৭৬

পঞ্চদশ শতাব্দীর প্রারম্ভিক পর্যায়ে ফরিদপুর শহরের উৎপত্তি হয় বলে ঐতিহাসিকগণ মনে করেন। এখানে মোঘল শাসনের সূত্রপাত ঘটে ১৬৬৬ খ্রিস্টাব্দে। ভূষণার নিকটবর্তী মথুরাপুরের বিজয় স্তম্ভ আজও মুঘলদের বৈভব ও শৌর্যের প্রতীক হিসাবে দাঁড়িয়ে আছে। চকবাজার তখন শহরের ব্যবসা বানিজ্যের কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা পায়। এই চকবাজার শব্দটিও মোঘল সূত্রে প্রাপ্ত। ধর্মীয় উদ্দেশ্যে গোয়ালচামট, খাবাসপুর, অম্বিকাপুর, হিন্দু আশ্রম, মঠ মন্দির গড়ে উঠে। ১৭৬০ খ্রিস্টাব্দে ফরিদপুর অঞ্চলে ব্রিটিশ শাসকের ছোয়া লাগে। ব্রিটিশরা তখন এ অঞ্চলের কৃষকদের উপর জুলম নির্যাতন শুরু করে। তাদের দিয়ে জোড় করে নীল চাষ শুরু করে। কৃষক, মজুর ও সাধারণ শ্রেণীর অধিকার আদায়ে ফরিদপুর জেলায় হাজী শরীফতুল্লাহর নেতৃত্বে ফরায়েজী আন্দোলন ব্যাপক প্রসার লাভ করে। এ সময় গড়াই, মধুমতি, বারাসিয়া, চন্দনা, কুমার প্রভৃতি নদীর তীরবর্তী জমিতে নীলচাষ করা হত। আলফাডাঙ্গা ও মীরগঞ্জে প্রধান কুঠি স্থাপন করা হয়েছিল। জেলার ৫২ টি নীলকুঠি এর অন্তর্ভুক্ত ছিল। প্রধান ম্যানেজার ছিলেন ডানলফ। কৃষকদের দিয়ে জোড়পূর্বক নীল চাষ করানো হত। এতে কৃষকদের মধ্যে বিদ্রোহের দানা বেধে ওঠে। অন্যান্য জেলার ন্যায় ফরিদপুর জেলাতেও নীল বিদ্রোহ ছড়িয়ে পড়ে। এর নেতৃত্ব দেন হাজী শরীফতুল্লাহর ছেলে দুদু মিয়া।